

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ১৬, আব্দুল গণি রোড,
ঢাকা-১০০০

...

সভাপতি	মোহাম্মদ মাহবুবুর রহমান
	পরিচালক (পরিবহন)
সভার তারিখ	০৮ নভেম্বর, ২০১৮।
সভার সময়	১১.০০ ঘটিকা।
স্থান	রুম নংঃ ১১১।
উপস্থিতি	পরিশিষ্ট- ক।

সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে তিনি বাংলাদেশ রেলওয়ের উদ্ভাবনী ধারণার তালিকা প্রস্তুত করার লক্ষে কমিটির সবাইকে উন্মুক্ত আলোচনার জন্য আহ্বান জানান।

এ প্রেক্ষিতে উপ-পরিচালক (টেলিকম) বলেন, পূর্বাঞ্চল এবং পশ্চিমাঞ্চলে ১৩টি করে ইনোভেশন টিম গঠন করা হলেও কোন ইনোভেশন আইডিয়া এখনও অত্র দপ্তরে পাওয়া যায় নি। তাই পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলে হতে ইনোভেশন আইডিয়া প্রেরণের জন্য তাগিদপত্র দেয়া যেতে পারে। উভয় অঞ্চলে হতে প্রাপ্ত আইডিয়া পাওয়া গেলে তা যাচাই-বাছাই করতঃ উদ্ভাবনী ধারণার তালিকা প্রস্তুত করা যেতে পারে।

উপ-পরিচালক (যান্ত্রিক) বলেন, জিএম (পূর্ব ও পশ্চিম) কে পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলে গঠিত ১৩টি ইনোভেশন টিম নিয়ে প্রতি মাসে একটি করে সভা করার অনুরোধ করা যেতে পারে।

বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

১। জিএম (পূর্ব ও পশ্চিম) কে ইনোভেশন আইডিয়া প্রেরণের জন্য তাগিদপত্র দিতে হবে।

বাস্তবায়নেঃ বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিম।

২। জিএম (পূর্ব ও পশ্চিম) এর সভাপতিত্বে পূর্বাঞ্চল এবং পশ্চিমাঞ্চলে জোনাল পর্যায়ে গঠিত ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে প্রতি মাসে একটি করে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ জিএম (পূর্ব ও পশ্চিম)।

আলোচ্যসূচিতে অন্য কোন বিয়য় অন্তর্ভুক্ত না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ মাহবুবুর রহমান
পরিচালক (পরিবহন)

স্মারক নম্বর: ৫৪.০১.২৬০০.০১০.১৮.০০৫.১৮.২

তারিখ: ২৪ কার্তিক ১৪২৫

০৮ নভেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উর্ধ্বতন পরিকল্পনা কর্মকর্তা-১, উর্ধ্বতন পরিকল্পনা কর্মকর্তা-১ এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে
- ২) উপপরিচালক, ট্রাফিক-কমার্শিয়াল, বাংলাদেশ রেলওয়ে
- ৩) উপপরিচালক, প্রকৌশল শাখা, বাংলাদেশ রেলওয়ে

৪) উপপরিচালক, মেকানিক্যাল শাখা, বাংলাদেশ রেলওয়ে

৫) উপপরিচালক (টেলিকম), সিএসটিই(টেলিকম)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে



রুবিনা পারভীন
উপপরিচালক